

বুস্টার ডোজ নেওয়ার তাগিদ স্বাস্থ্যমন্ত্রীর

বৃহস্পতিবার, ১৬ জুন, ২০২২



৯৯২০২২ thevoice24.com - All Rights Reserved

যারা এখনো করোনার বুস্টার ডোজ নেননি, তাদেরকে শিগগিরই নিয়ে নিতে বলেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক। বৃহস্পতিবার সচিবালয়ে এক সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন।;

জাহিদ মালেক বলেন, দেশে করোনা কিছুটা হলেও বাড়তি। আশপাশের দেশগুলোতে সংক্রমণ বাড়ছে। বুস্টার ডোজ যারা নিয়েছেন তাদের মৃত্যুবুঁকি নেই বললেই চলে। তাই আমরা আহ্বান, যারা এখনো নেননি শিগগিরই বুস্টার নিয়ে নিন। দেশের মানুষের মধ্যে করোনাভাইরাসের টিকার বুস্টার ডোজ নেওয়ার বিষয়ে অনীহা আছে। সেক্ষেত্রে বুস্টার ডোজ দ্রুত নিশ্চিত করতে বাধ্যবাধকতা আরোপ করা হবে কি না সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে স্বাস্থ্যমন্ত্রী বলেন, স্বাস্থ্যের কোনো বিষয় চাপিয়ে দেওয়ার নয়। এটা স্বাধীন দেশ। সব নাগরিকের স্বাধীন চিন্তা-ভাবনা রয়েছে।;

মানুষকে অবহিত করা স্বাস্থ্য মন্ত্রণালয়ের দায়িত্ব উল্লেখ করে তিনি বলেন, টিকা নেওয়ার সুবিধা-অসুবিধাগুলো আমরা তুলে ধরি। বাকি সিদ্ধান্ত যার যার, এখানে চাপিয়ে দেওয়ার কিছু নেই। স্বাস্থ্য মন্ত্রণালয় এক্ষেত্রে কাউকে চাপিয়ে দিতে পারবে না।